

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
রামগঞ্জ, লক্ষ্মীপুর।

## সাম্প্রতিক অর্জন সমূহ

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

খাদ্যশস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে বিভিন্ন ফসলের আধুনিক ও ঘাত সহিষ্ণু জাত, পানি সাশ্রয়ী প্রযুক্তি, সুষম মাত্রায় সার ব্যবহার, পাচিং, আধুনিক চাষাবাদ, গুটি ইউরিয়ার ব্যবহার বৃদ্ধি, মানসম্পন্ন বীজ উৎপাদন ও সংরক্ষণ, মাটির স্বাস্থ্য সুরক্ষায় জৈব ও সবুজ সার তৈরী ও ব্যবহার বৃদ্ধি ইত্যাদি প্রযুক্তি সম্প্রসারণে সাফল্য অর্জিত হয়েছে। নিম্নে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রামগঞ্জ এর বিগত ৩ বছরের প্রধান অর্জন সমূহের তথ্য উল্লেখ করা হলো:

১। ফসল উৎপাদন বৃদ্ধি (খাদ্য শস্য চাউল) ২০২১-২০২২: ৫৬৯৩১ মে. টন, ২০২২-২০২৩: ৫৭৬৫০ মে. টন, ২০২৩-২০২৪: ৫৭৬৬০ মে.টন।

২। নতুন ফসল/ জাত ও প্রতিকূলতা সহিষ্ণু জাত সম্প্রসারণ ( আমন ফসলে- ব্রি ধান৮৭, ব্রিধান৯৩, ব্রি ধান১০৩ - বোরো ফসলে- ব্রি ধান৮৮, ব্রি ধান৮৯, ব্রি ধান৯২, ব্রি বঙ্গবন্ধু ১০০, ব্রি ধান১০২, ব্রি ধান১০৪, ব্রি হাইব্রিড ধান৬ আউশ ফসলে- ব্রি ধান৪৮ ও ব্রি ধান ৯৮, ব্রি ধান ১০৬ ব্রি হাইব্রিড ধান৭, বিটি বেগুন-০২, বিটি বেগুন-০৪, বারি মুগ ৬, বিনামুগ-০৫, বারি লাউ-০৪, বারি টমেটো ২১, সূর্যমুখী, হাইব্রিড ভূট্টা, সয়াবিন, ফেলন, আদা, হলুদ, সরিষা, পেঁপে, বারি লিচু-৩, থাইপেয়ারা, বারি আম-১১)।

৩। আধুনিক কৃষি প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি (মালচিং ফিল্ম, সেক্স ফেরোমেন ফাঁদ, হাত পরাগায়ন, সোলার লাইট ট্রাপ,রিপার ও কন্সাইন হারভেস্টার ব্যবহার)।

৪। জমি ব্যবহারের ঘনত্ব বৃদ্ধি ও ফসলের নিবিড়তা বৃদ্ধি।

৫। মাটির স্বাস্থ্য সুরক্ষায় জৈব সারের উৎপাদন ও ব্যবহার বৃদ্ধি, ভার্মি কম্পোস্ট ও ট্রাইকো কম্পোস্ট উৎপাদন এবং মাটি পরীক্ষার মাধ্যমে সুষম সারের ব্যবহার।

৬। পারিবারিক পুষ্টি বাগান- ৫৫০ টি